রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, ডিসেম্বর ১৩, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(সিটি কর্পোরেশন-২ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ অগ্রহায়ণ ১৪২২/৩০ নভেম্বর ২০১৫

**নং ৪৬.০০.০০০০.০৭১.২৭.০১৭.১৪.৬৩৮**—যেহেতু আপনি জনাব শাহ জালাল, পিতাঃ নূর ছালাম, রসুলবাগ, নয়াআটি, ডাকঘরঃ সানারপাড়-১৪৩০, থানা: সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ০৩ নং সাধারণ ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলর; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে দায়েরকৃত সিদ্ধিরগঞ্জ থানার মামলা নং ৩, তারিখ: ০৬-০৫-২০১৪, মামলা নং ২৭, তারিখ: ২১-০৫-১৪, মামলা নং ৪৫, তারিখ: ২৯-০৫-১৪, মামলা নং ১০, তারিখ: ০৮-০৬-১৪, মামলা নং ২১, তারিখ: ১২-৬-১৪, মামলা নং ০৯, তারিখ: ০৬-০৭-১৪ এর বিষয়ে অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে; এবং

যেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) মোতাবেক সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হলে তাঁকে সাময়িক বরখাস্ত করার বিধান রয়েছে।

সেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে আপনাকে (জনাব শাহ জালাল, কাউন্সিলর, ০৩ নং সাধারণ ওয়ার্ড, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন) সাময়িকভাবে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রউফ মিয়া**
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd



**মূল্য :** টাকা ৪.০০